

প্রকল্পে স্থানীয় পরামর্শক নিয়োগ এর Terms of Reference (ToR)

“মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং” প্রকল্পটি অন্যান্য সাপোর্টিং স্টাফসহ স্থানীয় বিশেষজ্ঞগণের (Individual Local Consultant) মাধ্যমে বাস্তবায়ন করা হবে। একই ধরণের প্রকল্পের আওতায় কর্মরত বিশেষজ্ঞ ও সাপোর্টিং স্টাফদের প্রত্যাবিত প্রকল্পে অগ্রাধিকার প্রদান করা হবে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণপূর্বক নিম্নোক্ত স্থানীয় পরামর্শক নিয়োগ করা হবেঃ-

ছক-ঃ পরামর্শকের পদবী, পরিমাণ, যোগ্যতা, সম্মানী ভাতা এবং দায়িত্ব ও কর্তব্য

| পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | দায়িত্ব ও কর্তব্য |
|---|--------|--|---------------------------------------|--|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| চিম লিডার/চিফ টেকনিক্যাল এক্সপার্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিপ্রি থাকতে হবে। প্রকল্প ব্যবস্থাপনা, ভূমি ও প্রশাসনিক কাজে কমপক্ষে ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্পে কাজ করা এবং রিপোর্ট প্রণয়নে তাঁর যথেষ্ট অভিজ্ঞতা থাকতে হবে। সাংগঠনিক এবং চিম লিডার হিসেবে মাল্টি ডিসিপ্লিনারি পেশাদার একটি দল পরিচালনার ক্ষেত্রে অভিজ্ঞতা থাকতে হবে। ল্যান্ড ইউজ সার্ভে, ল্যান্ড জোনিং কার্যক্রম এবং প্রশাসনিক কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে। | ২.৫০ | <ul style="list-style-type: none"> প্রকল্পের সামগ্রিক পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন এবং প্রকল্পের সকল কম্পোনেন্ট এর কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব পালন করবেন; প্রকল্পে কার্যক্রমবাস্তবায়নে বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন করবেন, লিয়াজো বজায় রাখবেন এবং প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা ও প্রতিবেদন প্রণয়নে দায়িত্ব পালন করবেন; প্রকল্পের ডিজাইনিং ও গাইড প্রণয়নে দায়িত্ব পালন করবেন, প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য ওয়ার্কপ্ল্যান/কর্মপরিকল্পনা প্রণয়ন/বাস্তবায়ন করবেন, এছাড়া দলের বিশেষজ্ঞদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন; এনপিডি/ডিপিডি দ্বারা নির্ধারিত অন্য যে কোন কার্যক্রম। |
| সিস্টেম এ্যানালিস্ট (System Analyst) | ১ জন | কোন স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞানে কমপক্ষে স্নাতক/স্নাতকোত্তর থাকতে হবে। ভূমি প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা/উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে কম পক্ষে ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তাকে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসর সিস্টেম এ্যানালিস্ট হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ২.০০ | <ul style="list-style-type: none"> হার্ডওয়্যার, সফটওয়্যার এবং কম্পিউটার প্রোগ্রামিং সম্পর্কে বিস্তারিত জ্ঞান ও সমস্যা সমাধানের ক্ষমতা; প্রযুক্তি বিষয়ে বিস্তারিত ব্যাখ্য করার ক্ষমতা ও তা পরিচালনা এবং কাজে লাগানোর দক্ষতা; মৌখিক ও লিখিত ভাবে প্রকাশ করার অসাধারণ দক্ষতা; পরিচালনা ও আলোচনায় দক্ষতা সাংগঠনিকভাবে কাজে লাগানো; উন্নত কম্পিউটার প্রোগ্রামিং সেইসাথে বিশ্লেষণাত্মক দক্ষতা ও জ্ঞান। প্রচলিত প্রোগ্রাম যথাঃ এসকিউএল, ওরাকল, |

| পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা | সমানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | দায়িত্ব ও কর্তব্য |
|-----------------|--------|---------|--|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | <p>সিক্যুয়েল, ডিসুয়াল বেসিক, সি++, জাভা, এসএপি, ওয়েব ভিত্তিক প্রযুক্তি বিষয়ে পর্যাপ্ত জ্ঞান ও ব্যবহারিক অভিজ্ঞতা।</p> <ul style="list-style-type: none"> • এনপিডি/ডিপিডি/টিমলিডার দ্বারা নির্ধারিত অন্য যেকোন কার্যক্রম। |

বিন্দু: পরামর্শকদের সমানী হতে বিধিমোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।